

শরণার্থী মর্যাদার জন্য আবেদন করার অর্থ এই নয় যে আপনি জাপানে কাজ করতে পারবেন

মার্চ, ২০১৯

ইমিগ্রেশন ব্যুরো, বিচার মন্ত্রণালয়

এই নোটিশটি বিশেষ করে জাপানে অবস্থানকালে শরণার্থী মর্যাদার জন্য আবেদন করার মাধ্যমে রেসিডেন্ট স্ট্যাটাস পরিবর্তনকারী স্বল্প মেয়াদের আগন্তুকদের (স্বল্পকালীন অবস্থান) জন্য। শরণার্থী মর্যাদাটি হল নিজ দেশের নিপীড়ন থেকে পালিয়ে জাপানে আগমনকারী শরণার্থীদের জাপানে সুরক্ষা পাওয়ার জন্য একটি ব্যবস্থা, জাপানে কাজ করতে ইচ্ছুক ব্যক্তিদের জন্য কোন ব্যবস্থা নয়।

১৪ জানুয়ারি, ২০১৮ সাল পর্যন্ত, শরণার্থী মর্যাদার জন্য আবেদনকারী ব্যক্তিগণদের আবেদন করার ৬ মাস পরে, সাধারণত কাজ করার অনুমতি প্রদান করা হয়েছিল। তবে বিচার মন্ত্রণালয়ের ইমিগ্রেশন ব্যুরো, ১৫ জানুয়ারি ২০১৮ সালে, এই ক্রিয়াপদ্ধতিটি সংশোধন করে, যার ফলে ১৯৫১ সালের রেফিউজি কনভেনশন বর্ণিত শরণার্থীর সাথে স্পষ্টভাবে সংগতিপূর্ণ নয় এমন আবেদনকারীগণ, শরণার্থী মর্যাদার স্বীকৃতির জন্য প্রক্রিয়াধীন থাকলেও, জাপানে অবস্থান কিংবা কাজ করার অনুমতি পাবেন না। অবস্থানের সময়কাল অতিবাহিত হলে, এই ধরনের আবেদনকারীগণ জাপান ত্যাগের প্রক্রিয়ার (নির্বাসন প্রক্রিয়া সহ) জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।